# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৫৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যত্নবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

---

আরবী

(حسن صحيح) وَعَنْ عبد الله بن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : تحترقون تحترقون فإذا صليتم الصبح غسلتها ثم تحترقون تحترقون فإذا صليتم الظهر غسلتها ثم تحترقون تحترقون فإذا صليتم العصر غسلتها ثم تحترقون تحترقون فإذا صليتم المغرب غسلتها ثم تحترقون تحترقون فإذا صليتم العشاء غسلتها ثم تنامون فلا يكتب عليكم حتى تستيقظوا.

رواه الطبراني في الصغير والأوسط

বাংলা

৩৫৭. (হাসান সহীহ্) আবদুল্লাহ বিন মাসউদ থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”তোমরা পাপের মাধ্যমে ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছ। যখন তোমরা সকালের নামায আদায় কর তখন ঐ নামায পাপগুলোকে ধুয়ে দেয়। অতঃপর আবার পাপের মাধ্যমে নিজেদেরকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছ। যখন যোহরের নামায আদায় কর তখন এই নামায পূর্বের ঐ পাপগুলোকে ধুয়ে দেয়। আবার তোমরা গুনাহ কর। যখন তোমরা আছরের নামায পড় তখন তা পূর্বের গুনাহগুলোকে ধুয়ে দেয়। তারপর আবার তোমরা পাপ কর এবং ধ্বংসের দিকে অগ্রসর হও। যখন মাগরিবের নামায আদায় কর তখন সেই নামায পূর্বের গুনাহগুলোকে ধুয়ে দেয়। তারপর তোমরা পাপে লিপ্ত হয়ে নিজেদেরকে ধ্বংসের দিকে নিয়ে যাও। যখন এশার নামায আদায় কর তখন তা ঐ গুনাহগুলোকে ধৌত করে দেয়। অতঃপর তোমরা যখন নিদ্রা যাও তখন তোমাদের কোন গুনাহ লেখা হয় না যতক্ষন তোমরা জাগ্রত না হও।”

(ত্ববরানী ২/৩৫৮ [ছগীর এবং আওসাত গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন ১/৯১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88128

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন